DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 13 Sep 2026, 12:08 PM

খেলা

# টেস্ট র‍্যাঙ্কিংয়ে ছয়ে উঠল বাংলাদেশ

প্রতিবেদক: ক্রীড়া ডেস্ক
প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM




সংগৃহীত ছবি

অস্ট্রেলিয়ায় দু'দিনের টেস্টের তিক্ততার মাঝেও আইসিসি থেকে এলো বড় সুখবর। টেস্ট ইতিহাসে নিজেদের সেরা র‍্যাঙ্কিংয়ে উঠে এসেছে বাংলাদেশ জাতীয় ক্রিকেট দল।

আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিলের (আইসিসি) সর্বশেষ দলীয় টেস্ট র‍্যাঙ্কিং অনুযায়ী, তিন ধাপ এগিয়ে বর্তমানে ৬ষ্ঠ স্থানে অবস্থান করছে বাংলাদেশ। টেস্টের ইতিহাসে এর আগে কখনোই এত উঁচুতে উঠতে পারেনি বাংলাদেশ। বর্তমানে অধিনায়ক নাজমুল হোসেন শান্তর দলের রেটিং পয়েন্ট ৭৮।

অস্ট্রেলিয়া সফরে প্রথমবার স্বাগতিকদের তাদের নিজেদের মাটিতেই টেস্টে হারিয়ে এই ঐতিহাসিক স্থান অর্জন করে লাল-সবুজের প্রতিনিধিরা। যদিও সফরের শেষটা ইতিবাচক হয়নি; ম্যাকাই টেস্টে ব্যাটিং ব্যর্থতার কারণে বাংলাদেশ ইনিংস ও ৫১ রানের ব্যবধানে

হেরেছে। টেস্টের ইতিহাসে প্রথমবার মাত্র দুই দিনেই ম্যাচ হারার তিক্ত অভিজ্ঞতাও হতে হয়েছে শান্তদের।

সব মিলিয়ে শেষ টেস্টের ব্যর্থতা সত্ত্বেও অস্ট্রেলিয়ার কঠিন কন্ডিশনে ঐতিহাসিক এক জয় ও টেস্ট র‍্যাঙ্কিংয়ের ষষ্ঠ স্থান অর্জন বাংলাদেশ ক্রিকেটের জন্য এক নতুন মাইলফলক।

---

## এ বিভাগের আরও খবর




**নারী এশিয়া কাপে ইন্দোনেশিয়াকে ৭১ রানে হারাল বাংলাদেশ**
নারী এশিয়া কাপে দারুণ জয় দিয়ে অভিযান শুরু করেছে বাংলাদেশ। নিগার সুলতানা জ্যোতির দল প্রথম ম্যাচে ইন্দোনেশিয়াকে ৭১ রানে হারিয়েছে। আগে ব্য...




**জানুয়ারিতে বাংলাদেশে আসতে পারে ভারত**
ভারতের বাংলাদেশ সফর নিয়ে অনিশ্চয়তার কালো মেঘ যেন কাটার নামই নিচ্ছে না। সব কিছু ঠিক থাকলে আগামী সেপ্টেম্বরেই ঢাকায় পা রাখার কথা ছিল রোহিত-কোহ...




**তিন ইনিংসে □তিন ডাক□ লিটনের**
অস্ট্রেলিয়া সফরে ব্যাটে-বলে বাংলাদেশ লড়াইয়ের চেষ্টা চালালেও চরম ব্যর্থতার মধ্য দিয়ে সময় পার করছেন লিটন দাস। দুই টেস্টের তিন ইনিংসে ব্যাটিংয়ে...




### মাত্র ৬৪ রানে অলআউট বাংলাদেশ

অস্ট্রেলিয়ার বিপক্ষে সিরিজ শুরুর আগে ক্রিকেট অস্ট্রেলিয়া একাদশের বিপক্ষে ৫৪ রানে অলআউট হয়েছিল বাংলাদেশ। সেই ব্যর্থতাকে সরিয়ে দিয়ে ডারউইনে তা...

---

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/sports/test-rjangkingye-chhje-uthl-bangladesh